

# যুগান্তর

## জাবিতে সংঘর্ষ: নিরাপত্তাহীন শিক্ষার্থীদের হল খোলার দাবি

👤 জাবি প্রতিনিধি

🕒 ২০ ফেব্রুয়ারি ২০২১, ০২:৫৮:২৪ | [অনলাইন সংস্করণ](#)



ছবি: সংগৃহীত

ক্রিকেট খেলাকে কেন্দ্র করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয়দের সংঘাত সাতটা থেকে রাত সাড়ে বারোটা পর্যন্ত থেমে থেমে হামলা পাল্টাহামলার ঘটনা ঘটে। এপ্রতিবেদন লেখা পর্যন্ত সংঘর্ষ অব্যাহত ছিল। এতো দীর্ঘ সময় সংঘর্ষ চললেও ক্যাম্পাস প্রশাসনের উচ্চ পদধারী কিংবা সিনিয়র শিক্ষকদের দেখা মেলেনি।

শুরুর দিকে কয়েকজন পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ নেওয়ার জন্য আন্তত ১০ রাউন্ড ফাঁকা গুলি ও টিয়ারশেল ছুড়লেও পরিস্থিতি নিয়ন্ত্রণে আসেনি। পরে সংঘর্ষ বাড়লে দীর্ঘক্ষণ পরে অতিরিক্ত পুলিশ আসে। কিন্তু তারাও ছিল নির্বিকার।

এদিকে স্থানীয়দের হামলার ভয়ে মেস ছেড়ে আসা শিক্ষার্থীরা পড়েছে চরম বিপাকে। তারা নিরাপত্তাহীন অবস্থায় রাতেই হল খোলার দাবি জানাচ্ছে। তবে প্রশাসন তাদের এ দাবিতে কর্ণপাত করেনি। ফলে তারা আশাশূন্যভাবে বাস্তব অবস্থান করছে। শেষ খবর পাওয়া পর্যন্ত

স্থানীয়দের সঙ্গে বিশ্ববিদ্যালয়ে বা পুলিশ প্রশাসনের পক্ষে সফল কোনো আলোচনায় বসতে পারেনি।

১২ টা ৪০ মিনিটে প্রক্টর যুগান্তরকে বলেন, আমরা আমরা পুলিশসহ স্থানীয়দের সঙ্গে আলোচনায় বসতে চাচ্ছি। পরিস্থিতি এখন কিছুটা নিয়ন্ত্রণে এসেছে।

আশ্রায়হীন শিক্ষার্থীদের হলে ওঠার বিষয়ে প্রক্টর বলেন, আমি ভিসিকে তাদের থাকার ব্যবস্থা করার বিষয়ে অবহিত করেছি। ভিসি সবার সঙ্গে আলোচনা করে সর্বোত্তম সিদ্ধান্ত নেবেন বলে তিনি (ভিসি) জানিয়েছেন।

জাবি মেডিকেলের ইমারজেন্সিতে দায়িত্বরত চিকিৎসক ডা. মাহফুজুল কবির রাত সাড়ে বারোটায় যুগান্তরকে বলেন, এ পর্যন্ত আমরা ৫০ জনের বেশি আহত শিক্ষার্থীদের প্রাথমিক চিকিৎসা দিয়েছি। এর মধ্যে ১০/১২ জনকে উন্নত চিকিৎসার জন্য সাভারের এনাম মেডিকলে পাঠানো হয়েছে। তাদের মধ্যে কয়েকজনের অবস্থা গুরুতর।

এদিকে প্রশাসনের নিরব ভূমিকায় ফুঁসে উঠেছে শিক্ষার্থীরা। তাদের সঙ্গে কথা বলে কয়েকজন শিক্ষার্থী বলেন, আমরা আজ রাতেই হলে উঠে যাব। কারণ আমাদের দেওয়ালে পিঠ ঠেকে গেছে। প্রশাসন আমাদের প্রতি উদাসীন মনোভাব দেখিয়ে চলেছে। আমরা আমাদের অধিকার আদায় করে নেব।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2022